



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৮১২২৩০৫১/১৬৬/৪ / নথি নং-কুড়ি-১২২

তারিখঃ ১৯ .১০.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭.৪৯৫২.০০০.০২.০০৫.১৮.৬৬৩; তারিখঃ ২০ আগস্ট, ২০১৮খ্রিস্টাব্দ
২) নং-বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৮১২২৩০৫১/৯৫৫/৪/ নথি নং-কুড়ি-১২২; তারিখঃ ০৫.০৮.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন রাজারহাট জাওহারিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে দুর্নীতি, স্বেচ্ছাচারিতা, অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে দাতা সদস্য দাবীদার কে এম জিয়াউল হাসান অত্র বোর্ডে কাগজপত্রসহ আবেদন দাখিল করেন। দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়েছে।

পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে অত্র বোর্ডে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ শফিকুল ইসলামের বিরুদ্ধে আনীত দুর্নীতি, স্বেচ্ছাচারিতা, অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহারসহ সকল অভিযোগ সত্য বলে প্রমানিত হয়েছে। প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার স্বার্থে উক্ত সভাপতিকে তার পদ হতে অপসারণ করা যুক্তিযুক্ত বলে তদন্তকারী কর্মকর্তা মতামত দিয়েছেন।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৩৭৩৯/২/নথি নং- কুড়ি-১২২; তারিখঃ ১৫/১১/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ শফিকুল ইসলাম এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ শফিকুল ইসলাম, সভাপতি-ম্যানেজিং কমিটি, রাজারহাট জাওহারিয়া দাখিল মাদ্রাসা, সদর, কুড়িগ্রাম।
২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, রাজারহাট জাওহারিয়া দাখিল মাদ্রাসা, সদর, কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ ২৩৩১৮১২২৩০৫১/১৬৬/৪ / নথি নং-কুড়ি-১২২

তারিখঃ ১৯ .১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম।
৪. সদস্যবৃন্দ, রাজারহাট জাওহারিয়া দাখিল মাদ্রাসা, সদর, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪